

যশোরে মাদ্রাসা অধ্যক্ষকে মারপিটের পর মামলায় ফাঁসানোর অভিযোগ

স্টাফ রিপোর্টার, যশোর, অফিস
নিয়োগ সংক্রান্ত বিরোধের জের ধরে,
মণিরামপুর উপজেলার রাজগঞ্জ
মোবারকপুর মহিলা আলিম মাদ্রাসার
অধ্যক্ষকে পিটিয়ে জরমের পর
এসার মিথ্যা মামলায় ফাঁসানোর
অভিযোগ উঠেছে। মাদ্রাসা সভাপতি
এমএম ইমরান খান পান্না এমন
ঘড়যন্ত্র করছেন বলে অভিযোগ
করেছেন অধ্যক্ষ মাওলানা আবদুস
সালাম। গুরুবার দুপুরে প্রেসক্লাব
যশোরে এক সংবাদ সম্মেলনে তিনি

এ অভিযোগ করেন। তবে
অভিযোগ অস্বীকার করেছেন মাদ্রাসা
সভাপতি এমএম ইমরান খান পান্না।
অধ্যক্ষ মাওলানা আবদুস সালাম
জানান, প্রতিষ্ঠানে নিয়োগ নিয়ে
পরিচালনা কমিটির সভাপতি এমএম
ইমরান খান পান্নার সঙ্গে সম্পর্ক ভাল
যাছিল না। এক পর্যায়ে গত ৬
সেপ্টেম্বর সভাপতির কথানুযায়ী
অবৈধ নিয়োগ প্রক্রিয়ায় রাজি না
হওয়ায় মাদ্রাসা অভ্যন্তরেই তাকে
চেয়ার দিয়ে পিটিয়ে জখম করা হয়।

পরে স্থানীয়রা উদ্ধার করে যশোর
২৫০ শয্যা জেনারেল হাসপাতালে
ভর্তি করেন।

সংবাদ সম্মেলনে আরও বলা হয়,
অধ্যক্ষ সূত্র হয়ে হামলার ঘটনাটি
সংশ্লিষ্ট বিভিন্ন দফতরে লিপিতভাবে
অবহিত করে বিচার দাবি করেন। এ
ঘটনায় সম্পৃতি সভাপতির বিরুদ্ধে
তদন্ত শুরু হয়েছে। এতে সভাপতির
পদ হারানোর ভয়ে এমএম ইমরান
খান পান্না অধ্যক্ষকে মিথ্যা মামলায়
ফাঁসানোর ঘড়যন্ত্র করছেন।
ইতোমধ্যে অধ্যক্ষের বিরুদ্ধে
কাল্পনিক অভিযোগের ভিত্তিতে
মণিরামপুর থানায় মামলা করা
হয়েছে।

এতে আইএস সংশ্লিষ্টতার অভিযোগ
আনা হয়েছে। মাদ্রাসার নিয়োগ
সংক্রান্ত বিরোধকে পূর্জি করে মোলা
পানিতে সভাপতি মাছ শিকারের
চেষ্টা করছেন বলে অধ্যক্ষ আবদুস
সালাম দাবি করেন।